

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৭৫ কোটি টাকার বাজেট

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ অর্থবছরের জন্য ১৭৫ কোটি ৬০ লাখ টাকার প্রাক্কলিত বাজেট অনুমোদন করেছে বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটি ও সিন্ডিকেট। প্রফরার বিক্লে নগরীর একটি রেস্টুরেন্টে আয়োজিত ফাইন্যান্স কমিটি ও সিন্ডিকেটের ৫১তম সভায় এর অনুমোদন দেয়া হয়। একই সভায় ২০১৪-১৫ অর্থবছরের জন্য ১৭৩ কোটি টাকার সংশোধিত বাজেটও অনুমোদন লাভ করে। সভায় এফসি ও সিন্ডিকেট সদস্যবৃন্দ বাজেটের বিভিন্ন দিক সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করেন এবং দেশে উচ্চশিক্ষা ও গবেষণা উন্নয়নে একটি সমন্বিত আধুনিক ধ্যান-ধারণা সংবলিত বাজেট পেশ করায় আলোচকবৃন্দ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় চবি হিসাব নিয়ামক (ডারপ্রাক্ট) মোঃ ফরিদুল আলম চৌধুরী বাজেট উপস্থাপন করেন এবং তা আপাতী সিনেট সভায় পেশ করার জন্য অনুমোদন করা হয়।